



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

2<sup>nd</sup> Terminal Examination - 2019



**Subject:** Bengali Text Model Answer **Class:** 4 A & C **F.M.:** 55 **Duration:** 1Hr. 30 Mins **Date:** 06.08.2019

(Marks will be deducted for untidy work, spelling mistakes and work not done in systematic manner.)

## ক - বিভাগ (১৫)

১) শব্দের অর্থ লেখো:-

(১ X ৪ = ৪)

ব্যতিরেকে - ছাড়া  
বসুধা - পৃথিবী  
অনিবার - সবসময় / সর্বদা  
দায় - বিপদ / সংকট

২) বিপরীত শব্দ লেখো:-

(১ X ৪ = ৪)

পাপ - পুণ্য  
দক্ষিণ - উত্তর  
দৃশ্য - অদৃশ্য  
হতভাগ্য - সৌভাগ্য

৩) শূন্যস্থান পূরণ করো:-

(১ X ৪ = ৪)

ভালোবাসি চাঁপাবনে  
প্রজাপতি খেলে যে,  
ভালোবাসি উষাসনে  
কলি আঁখি মেলে যে।

৪) বাক্য রচনা করো:-

(১ X ৩ = ৩)

ছাত্ররা নিজেরা লিখবে।

## খ - বিভাগ (১৫)

৫) সংক্ষিপ্ত প্রশ্ন:-

ক) উঃ- 'প্রার্থনা' কবিতায় কবি জীবনে ঈশ্বরের সান্নিধ্য পেতে চান।

সেই সান্নিধ্য পেয়ে কবির জীবন ফুলের মতো সুন্দর হতে পারে।

এই কবিতায় তিনি শীত ঋতুটির নাম করেন নি।

(১ + ১ + ১ = ৩)

খ) উঃ- বায়ু, সূর্যের আলোক, বৃষ্টি ও নদীর জল - এ সকল বস্তুতে সকলেরই সমান অধিকার থাকে।

(২+১=৩)

কারণ এ সকল বস্তু বিনা পরিশ্রমে পাওয়া যায়।

গ) উঃ- সুষমা বলতে কবি বিশ্বের সৌন্দর্যকে বুঝিয়েছেন।

'দৃশ্যের অতীত' হলেন সৃষ্টিকর্তা ঈশ্বর।

তাকে 'দৃশ্যের অতীত' বলা হয়েছে কারণ তাঁকে সশরীরে চোখে দেখা যায় না।

(১ + ১ + ১ = ৩)

ঘ) উঃ- তখনকার দিনে (সেকালে) লোকেদের কাজের এত বেশি হাঁসফাঁসানি ছিল না। তাদের রয়ে বসে দিন চলত।

তাই তারা কষে তামাক টেনে নিয়ে পান চিবোতে চিবোতে কেউ বা পালকি চড়ে কেউ বা ভাগের গাড়িতে করে আপিসে যেতেন।

(৩)

ঙ) উঃ- জোয়ারের সময় গঙ্গার জল রাস্তার ধারে বাঁধানো নালা দিয়ে ঝরঝর কলকল করে লেখকদের পুকুরে আসত।

তাতে দেখা যেত পুকুরের মাছগুলো স্রোতের উলটো দিকে সাঁতার কাটার কসরত করছে।

(১+২=৩)

গ - বিভাগ (২৫)

৫) রচনাধর্মী প্রশ্ন:-

ক)উঃ- কবিতাংশটি ভালোবাসি কবিতা থেকে গৃহীত হয়েছে।

কবি হলেন তমাললতা বসু।

পাশরি শব্দটির অর্থ হল ভুলে গিয়ে।

(১+১+১+২=৫)

কবি ফুলের পুস্পুটিত রূপ দেখে ও ফুলের সুগন্ধে মোহিত হয়ে নিজেকে ভুলে গিয়ে এরকম কথা বলেছেন।

খ)উঃ- আলোচ্য পংক্তিটি ' প্রার্থনা ' কবিতার অন্তর্গত।

কবি হলেন প্রিয়ষদা দেবী।

দুঃখী ও অনাথেরা খুবই অসহায়। পৃথিবীতে সবাই নিজেদের স্বার্থে নিজেদের নিয়ে ব্যস্ত থাকে। দুঃখী ও অনাথের সমব্যথী কেউ হয় না। তাই কবি নিজের সর্বস্ব দিয়ে, প্রাণপণে দুঃখী ও অনাথের সেবায় নিজেকে নিয়োজিত করতে চেয়েছেন।

(১+১+৩=৫)

গ)উঃ- আলোচ্য অংশটি ' বন্ধু চেনা বিষম দায় ' গল্প থেকে নেওয়া হয়েছে।

হরিণ শেয়ালকে এই কথা বলেছিল।

(১+২+২=৫)

তখন 'ওই' বন্ধু (শেয়াল) বলেছিল ' হায় হায় বন্ধু, জালের বাঁধনগুলো তো পশুর নাড়িভুঁড়ি দিয়ে তৈরি। আজ রবিবার। রবিবার তো আমি দাঁতে মাংস কাটি না। কাল সকালে কেটে দেব, কেমন? তুমি কোন চিন্তা কোরো না।'

ঘ) হরিণের সঙ্গে শেয়ালের বন্ধুত্ব করার ইচ্ছে হল।

হরিণের নাদুসনুদুস চেহারা দেখে সে বন্ধুত্ব করতে চাইছিল।

তার মনে ছিল খুব লোভ আর দুষ্টি বুদ্ধি। তাই সে ঠিক করেছিল সে প্রথমে হরিণের সঙ্গে বন্ধুত্ব করবে।

তারপর সেই বন্ধুত্বের সুযোগ নিয়ে তাকে বিপদে ফেলবে। বিপদে পড়ে হরিণের মৃত্যু হলে শেয়াল তার

নরম মাংস খাবে।

(১+১+৩=৫)

ঙ) লেখক তখনকার সময়ে প্যারী সরকারের ফার্স্ট বুক পড়তেন।

লেখকরা তখন সন্ধ্যাবেলায় পড়বার ঘরে দুই সলতের এক সেজের মিটমিটে আলোয় মাস্টার মশাইয়ের কাছে পড়তেন। পড়তে পড়তে প্রথমে উঠত হাই, তারপর আসত ঘুম। তারপর চলত চোখ রগড়ানি। এইভাবে ঘুমের ঘোরে তুলতুলু চোখে রাত নটা পর্যন্ত লেখকরা পড়াশোনা করতেন।

(১+৪=৫)

.....XXXXXXXXXXXXXXXXX.....